# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৯৬

৩৭/ স্বপ্ন (ﷺ كتاب الرؤيا عن رسول الله)

পরিচ্ছেদঃ দাঁড়ি-পাল্লা এবং বালতি সম্পর্কে নবী (ﷺ) এর স্বপ্ন।

بَابُ مَا جَاءَ فِي رُؤْيَا النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمِيزَانَ وَالدَّلْوَ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ أَبُو هُرَيْرَةَ يُحَدِّثُ أَنَّ رَجُلاً، جَاءَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ إِنِّي رَأَيْتُ اللَّيْلَةَ ظُلَّةً يَنْطِفُ مِنْهَا السَّمْنُ وَالْعَسَلُ وَرَأَيْتُ النَّاسَ يَسْتَقُونَ بِأَيْدِيهِمْ فَالْمُسْتَكْثِرُ وَالْمُسْتَقِلُّ وَرَأَيْتُ سَبَبًا وَاصِلاً مِنَ السَّمَاءِ إِلَى الأَرْضِ وَأَرَاكَ يَا رَسُولَ اللَّهِ أَخَذْتَ بِهِ فَعَلَوْتَ ثُمَّ أَخَذَ بِهِ رَجُلٌ بَعْدَكَ فَعَلاَ ثُمَّ أَخَذَ بِهِ رَجُلٌ بَعْدَهُ فَعَلاَ ثُمَّ أَخَذَ بِهِ رَجُلٌ فَقُطِعَ بِهِ ثُمَّ وُصِلَ لَهُ فَعَلاَ بِهِ . فَقَالَ أَبُو بَكْرٍ أَىْ رَسُولَ اللَّهِ بِأَبِي أَنْتَ وَأُمِّي وَاللَّهِ لَتَدَعَنِّي أَعْبُرْهَا فَقَالَ " اعْبُرْهَا " . فَقَالَ أَمَّا الظُّلَّةُ فَظُلَّةُ الإِسْلاَمِ وَأَمَّا مَا يَنْطِفُ مِنَ السَّمْنِ وَالْعَسَلِ فَهُوَ الْقُرْآنُ لِينُهُ وَحَلاَوَتُهُ وَأَمَّا الْمُسْتَكْثِرُ وَالْمُسْتَقِلُّ فَهُوَ الْمُسْتَكْثِرُ مِنَ الْقُرْآنِ وَالْمُسْتَقِلُّ مِنْهُ وَأَمَّا السَّبَبُ الْوَاصِلُ مِنَ السَّمَاءِ إِلَى الأَرْضِ فَهُوَ الْحَقُّ الَّذِي أَنْتَ عَلَيْهِ فَأَخَذْتَ بِهِ فَيُعْلِيكَ اللَّهُ ثُمَّ يَأْخُذُ بِهِ بَعْدَكَ رَجُلٌ آخَرُ فَيَعْلُو بِهِ ثُمَّ يَأْخُذُ بِهِ بَعْدَهُ رَجُلٌ آخَرُ فَيَعْلُو بِهِ ثُمَّ يَأْخُذُ رَجُلٌ آخَرُ فَيَنْقَطِعُ بِهِ ثُمَّ يُوصَلُ لَهُ فَيَعْلُو أَىْ رَسُولَ اللَّهِ لَتُحَدِّثَنِّي أَصَبْتُ أَوْ أَخْطَأْتُ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَصَبْتَ بَعْضًا وَأَخْطَأْتَ بَعْضًا " قَالَ أَقْسَمْتُ بِأَبِي أَنْتَ وَأُمِّي لَتُخْبِرَنِّي مَا الَّذِي أَخْطَأْتُ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " لاَ تُقْسِمْ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২২৯৬. হুসায়ন ইবন মুহাম্মদ (রহঃ) ..... ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু হাদীস বর্ণনা করতেন যে, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললঃ রাত্রে আমি স্বপ্নে দেখলাম, একটি ছায়া মেঘ, তা থেকে ঘী এবং মধু ঝরছে। আর লোকেরা তাদের হাত দিয়ে তা

পান করছে। কেউ বেশী পাচ্ছে কেউ কম পাচ্ছে। আরো দেখলাম একটি রজ্জু আসমান থেকে যমীন পর্যন্ত মিলানো, ইয়া রাসূলাল্লাহ! আপনাকে দেখলাম রজ্জুটি ধরে উপরে উঠে গেলেন। আপনার পর আরেকজন ধরল সে উঠে গেল, তারপর আরেক জন ধরল সেও উঠে গেল। এরপর অন্য একজন ধরল কিন্তু রজ্জুটি ছিড়ে গেল। তারপর আবার জোড়া লাগল তখন সেও উঠে গেল।

আবূ বকর রাদিয়াল্লাহু আনহু বললেনঃ ইয়া রাসূলাল্লাহ, আমার পিতা-মাতা আপনার উপর কুরবান, আল্লাহর কসম, এটির ব্যাখ্যা প্রদানের জন্য আমাকে সুযোগ দিন। তিনি বললেনঃ আচ্ছা ব্যাখ্যা দাও।

আবূ বকর বললেনঃ ছায়া মেঘটি হল ইসলামের ছায়া। ঘী এবং মধু হল কুরআনের কোমলতা এবং মিষ্টতা। বেশী লাভকারী এবং কম লাভকারী হল কুরআন থেকে বেশী লাভকারী এবং কম লাভকারী। আসমান থেকে যমীন পর্যন্ত লাগানো রজ্জুটি হল যে সত্যে আপনি প্রতিষ্ঠিত তা। আপনি সেটি ধারণ করেছেন, আল্লাহ তাআলা আপনাকে এর মাধ্যমে উচ্চে উঠিয়ে নিয়েছেন পরে আরেক জন তা ধারণ করেছেন তিনিও উঠে গিয়েছেন, এরপ আরেক জন তা ধারণ করেছেন তিনিও উঠে গয়েছেন। এরপর আরেক জন ধারণ করেছেন। কিন্তু এটি ছিন্ন হয়ে যায় পরে আবার জোড়া লাগল এবং তিনিও উঠে গেলেন। ইয়া রাসূলাল্লাহ! আপনি আমাকে বলুন, আমি সঠিক ব্যাখ্যা করেছি না তাতে ভুল করেছি?

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কিছু ঠিক বলেছ কিছু ভুল বলেছ। তিনি বললেনঃ ইয়া রাসূলাল্লাহ, আপনার উপর আমার পিতা-মাতা কুরবান, আমি কসম দিয়ে বলছি আমি কি ভুল বলেছি তা আমাকে বলে দিন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি কসম দিবে না। সহীহ, ইবনু মাজাহ ৩৯১৮, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৯৩ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটি হাসান-সহীহ।

## English

Abu Hurairah narrated that a man came to the Prophet (s.a.w) and said: "I had a dream of a cloud with shade dripping butter and honey. I saw the people scooping it up with their hands, some taking much and some taking little. I saw a rope extending from the sky to the earth. Then I saw you O Messenger of Allah ! You took hold of it and went up, then a man took hold of it after you do so, then a man took hold of it after him to do so. Then a man took hold of it and it was severed, and then connected for him, and he did so (i.e. , went up)." Abu Bakr said: "May my father and mother be ransomed for you O Messenger of Allah! Allow me to interpret it." He said: "Interpret it." so he said: "As for the cloud with its shade, it is Islam. As for what the butter and honey that dropped from it, this is the Quran and its delicateness and sweetness. It means some of them gathered much of the Quran and some of them a little. As for the rope extending from the sky to the earth, it is the truth which you are upon, you clug to it and Allah exalted

you. Then another man will take hold of it after you and ascend on it, then after him, another man will take hold of it and ascend on it. Then another [man] will take hold of it but it will break, then be connected so he will ascend on it. Inform me O Messenger of Allah! Am I correct or am I mistaken?" The Prophet (s.a.w) said: "You are correct in some of it and mistaken in some of it." He (i.e., Abu Bakr) said: "I swear to you by my father and my mother O Messenger of Allah! Inform me in what I was mistaken?" The Prophet(s.a.w) said: "Do not swear."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37650

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন